গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
সংস্কৃতি বিনিময় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moca.gov.bd



স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.০০০.১১৭.২৪.০০৬৫.২৬.**৩৭৬**

তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪৩৩ / ২২ নভেম্বর ২০২৬

বিষয় : বিদেশি (রোমানিয়া ও তুরস্ক) শিল্পীদের অংশগ্রহণে বাণিজ্যিক ভিত্তিতে "Otilia Returns: Bilionera Live in Dhaka" শীর্ষক সাংস্কৃতিক অনুষ্ঠান (সঙ্গীতানুষ্ঠান) আয়োজনের অনুমতি প্রদান।

সূত্র: ১। জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নম্বর: ০৮.০১.০০০০.০০০.০২৮.১০.০০০১.১৯.৩৩, তারিখ: ০২-১১-২০২৬;
২। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০০০.১৫৫.৩১.০০০৩.(সংস্কৃতি).২৫.৪২৮, তারিখ: ১৮-১১-২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'ব্যক্তিগত উদ্যোগ ও বেসরকারি পর্যায়ে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য বিদেশী শিল্পী, সাংস্কৃতিক ব্যক্তিত্ব বা সাংস্কৃতিক দলের বাংলাদেশে আগমনের অনুমতি প্রদান সংক্রান্ত নীতিমালা-২০২৩' অনুযায়ী জাতীয় রাজস্ব বোর্ড এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মতামত/অনাপত্তি পত্রের ভিত্তিতে জনাব এইচ এম হালিম, প্রোপ্রাইটর, ই-মেকারস বাংলাদেশ, ১৪২ ক্যাসেল গ্রীন, গ্রীন রোড, ফার্মগেট, ঢাকা-১২১৫ এর ব্যবস্থাপনায় **আগামী ২৭ নভেম্বর, ২০২৬ তারিখ রোজ শুক্রবার "সেফ'স টেবিল কোর্টসাইড, ১০০ ফিট, মাদানী এভিনিউ, ঢাকা"-তে** বিদেশি (রোমানিয়া ও তুরস্ক) শিল্পীদের অংশগ্রহণে বাণিজ্যিক ভিত্তিতে "Otilla Returns: Bilionera Live in Dhaka" শীর্ষক সাংস্কৃতিক অনুষ্ঠান (সঙ্গীতানুষ্ঠান) আয়োজনের জন্য নিম্নবর্ণিত শর্ত পালন সাপেক্ষে নির্দেশক্রমে **অনুমতি** প্রদান করা হলো।

শর্তাবলী :

(ক) এ ব্যাপারে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের কোনো ধরনের আর্থিক দায়-দায়িত্ব থাকবে না;

(খ) আয়োজিত অনুষ্ঠানে অশ্লীলতা পরিহার ও বাংলাদেশের ভাবমূর্তি অক্ষুণ্ন রাখতে হবে। এছাড়া, রাজনৈতিক ও ধর্মীয় অনুভূতি এবং সামাজিক মূল্যবোধে আঘাত হানে এমন কিছু বিষয় পরিবেশন/উপস্থাপন করা যাবে না;

(গ) বাণিজ্যিক/অবাণিজ্যিক সকল ক্ষেত্রে বিদেশি শিল্পীগণকে প্রদেয় সম্মানি, টিকেট বিক্রয় লব্ধ অর্থ ও অন্যান্য আয়ের/ব্যয়ের ওপর আয়োজক ব্যক্তি/সংস্থা কর্তৃক সরকারি বিধি-বিধান অনুযায়ী ভ্যাট/ উৎসে কর প্রদান করতে হবে। ভ্যাট/উৎসে কর কর্তনের বিষয়টি আয়োজক ব্যক্তি/সংস্থা কর্তৃক রাজস্ব বোর্ডকে আগাম অবহিত করতে হবে;

(ঘ) আমন্ত্রিত শিল্পী/অতিথিদের নিয়ে কোনো অনভিপ্রেত ঘটনার অবতারণা হলে আমন্ত্রণকারী কর্তৃপক্ষকে তার দায়-দায়িত্ব বহন করতে হবে;

(ঙ) আইন শৃঙ্খলার প্রতি সতর্ক দৃষ্টি রাখতে হবে;

(চ) অনুষ্ঠান শুরুর পূর্বেই নিরাপত্তা ও আইন শৃঙ্খলা রক্ষার্থে সংশ্লিষ্ট পুলিশ কর্তৃপক্ষকে অবহিত করে যথাযথ নিরাপত্তার ব্যবস্থা নিশ্চিত করতে হবে;

(ছ) প্রস্তাবিত অনুষ্ঠান ব্যতীত অন্য কোনো অনুষ্ঠানে আমন্ত্রিত শিল্পীগণ অংশগ্রহণ করতে পারবে না বা অনুষ্ঠান ধারণ করে পরবর্তীতে কোনো বাণিজ্যিক কার্যক্রমে প্রচার করতে পারবে না;

(জ) অনুষ্ঠান চলাকালীন এলকোহল/নেশা জাতীয় কোনো পানীয় দ্রব্য পরিবেশন, গ্রহণ ও বিক্রয় করা যাবে না;

(ঝ) আমন্ত্রিত শিল্পী/কলাকুশলী/অতিথিদের বাংলাদেশে অবস্থানকালীন নিরাপত্তার দায়িত্ব আয়োজক ব্যক্তি/সংস্থা/প্রতিষ্ঠানের উপর বর্তাবে। প্রয়োজনে আয়োজক ব্যক্তি/সংস্থা স্থানীয় আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর সাথে সমন্বয় করে তাঁদের নিরাপত্তা নিশ্চিত করবেন;

(ঞ) সাউন্ড বক্স ব্যবহারের ক্ষেত্রে সর্বোচ্চ সহনশীল শব্দমাত্রা বজায় রাখতে হবে এবং নিরাপত্তার স্বার্থে অনুষ্ঠানস্থল ও আশপাশ এলাকা সিসিটিভি'র আওতায় আনতে হবে। সকল সিসি ক্যামেরা সচল রাখতে হবে;

(ট) নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য জেনারেটরের ব্যবস্থা করতে হবে;

(ঠ) সংক্রামক রোগ প্রতিরোধে আয়োজক সংস্থাকে যথাযথ সতর্কতা ও স্বাস্থ্যবিধি মেনে অনুষ্ঠান পরিচালনা করতে হবে;

(ড) উল্লিখিত কোন শর্ত ভঙ্গ করলে আয়োজক ব্যক্তি/সংস্থার লাইসেন্স বাতিলের সুপারিশ করা/কালো তালিকাভুক্ত করা/ প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ/ভবিষ্যতে এ ধরনের আর কোনো অনুষ্ঠান করতে দেয়া হবে না। শর্ত ভঙ্গের ক্ষেত্রে উপরিউক্ত যে কোনো সিদ্ধান্ত গ্রহণ করার বিষয়টি সংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয়ের এখিতয়ারভুক্ত থাকবে;

(ঢ) প্রয়োজনীয় সংখ্যক বহনযোগ্য ফায়ার এক্সটিংগুইশার ও পানি সংরক্ষণ করবে এবং জনসমাগম হতে দৃশ্যমান স্থানে ফায়ার সার্ভিস এর মোবাইল/টেলিফোন নম্বর প্রদর্শন করতে হবে;

(ণ) বিদেশি সাংস্কৃতিক দল/শিল্পীর অংশগ্রহণে আয়োজিতব্য অনষ্ঠানের অনুমতি প্রদান করার পর অনিবার্য কারণে অথবা কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তা বাতিল করার এখতিয়ার সংস্কৃতি বষিয়ক মন্ত্রণালয়ে সংরক্ষিত থাকবে;

(ত) শিল্পী/শিল্পীদের সম্মানী প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের প্রচলিত নিয়ম অনুসরণ করতে হবে;

(থ) শিল্পী ও কলাকুশলী, দর্শক এবং অনুষ্ঠানের নিরাপত্তার জন্য প্রবেশপথে আর্চওয়ে গেইট স্থাপন করতে হবে ও হ্যান্ড মেটাল ডিটেক্টর ব্যবহারর মাধ্যমে অংশগ্রহণকারীদের অনুষ্ঠানস্থলে প্রবেশ করানো ব্যবস্থা করতে হবে;

(দ) অনুষ্ঠান পর্যবেক্ষণের নিমিত্ত গোয়েন্দা সংস্থাগুলোর সদস্য/সদস্যদের প্রবেশাধিকার উন্মুক্ত থাকবে;

(ধ) আয়োজক সংস্থা ঘোষিত আসন সংখ্যার অতিরিক্ত যেকোন সংখ্যক দর্শক প্রবেশ করলে কর্তৃপক্ষ আইনের আমলে আসবে;

(ন) অনুষ্ঠানস্থলে যথেষ্ট গাড়ি পার্কিং ব্যবস্থা নিশ্চিত করতে হবে;

(প) বিধি মোতাবেক আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহায়তায় ড্রোন সার্ভিলেন্স এ ব্যবস্থা (CAAB এর অনুমোদন সাপেক্ষে) করতে হবে;

(ফ) দুর্যোগ ব্যবস্থাপনায় পর্যাপ্ত বহির্গমন ব্যবস্থা রাখতে হবে;

(ব) অনুষ্ঠানে অংশগ্রহণকারী বিদেশি শিল্পীদের আয়োজনকারী কর্তৃক প্রদর্শিত অংকের অতিরিক্ত পারিশ্রমিক পরিশোধ/প্রদান করা হলে উক্ত পরিশোধিত অর্থের উপরও ৩০ শতাংশ হারে আয়কর প্রযোজ্য হবে;

(ভ) **'ব্যক্তিগত উদ্যোগ ও বেসরকারি পর্যায়ে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য বিদেশী শিল্পী, সাংস্কৃতিক ব্যক্তিত্ব বা সাংস্কৃতিক দলের বাংলাদেশে আগমনের অনুমতি প্রদান সংক্রান্ত নীতিমালা-২০২৩'** এর সকল নির্দেশনা/শর্তাবলী (প্রযোজ্য ক্ষেত্রে) প্রতিপালন করতে হবে;

(ম) **সূত্রস্থ পত্র (১) ও সূত্রস্থ পত্র (২)** এ বর্ণিত নির্দেশনা/শর্তাবলী (প্রযোজ্য ক্ষেত্রে) প্রতিপালন করতে হবে;

(য) **অনুষ্ঠান পর্যবেক্ষণের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অনুকূলে ১ম সারিতে ২০ (বিশ) টি VIP আসন সংরক্ষণ করতে হবে।**

(অমিতাভ পরাগ তালুকদার)
উপসচিব
ফোন: ৯৫১১০৭১
Email: sas.exchange@moca.gov.bd

জনাব এইচ এম হালিম
প্রোপ্রাইটর
ই-মেকারস বাংলাদেশ
১৪২ ক্যাসেল গ্রীন, গ্রীন রোড
ফার্মগেট, ঢাকা-১২১৫।

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.০০০.১১৭.২৪.০০৬৫.২৬.**৩৭৬**

তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪৩৩ / ২২ নভেম্বর ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০৪। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা।
০৫। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
০৬। মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
০৭। মান্যবর হাইকমিশনার, বাংলাদেশ হাইকমিশন, বুখারেস্ট, রোমানিয়া।
০৮। মান্যবর হাইকমিশনার, বাংলাদেশ হাইকমিশন, আঙ্কারা, তুরস্ক।

০৯। যুগ্মসচিব (সাংস্কৃতি ঐতিহ্য-১), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
১১। নির্বাহী পরিচালক, শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
১২। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, বিশেষ শাখা, ঢাকা।
১৩। মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। পুলিশ সুপার, ঢাকা।
১৫। সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৮। ব্যবস্থাপনা পরিচালক, সেফ'স টেবিল কোর্টসাইড, ১০০ ফিট, মাদানী এভিনিউ, ঢাকা।
১৯। অফিস কপি/মাস্টার ফাইলে সংরক্ষণ কপি।

(অমিতাভ পরাগ তালুকদার)
উপসচিব।